





Chanditala, Uttardinajpur, Raiganj, West Bengal 733134, India

Latitude
25° 38' 4.638" N

Longitude
88° 7' 45.774" E

Local 03:27:08 PM
GMT 09:57:08 AM

Altitude 23.1 meters
Tuesday, 19-04-2022



Sudarshanpur, Uttardinajpur, Raiganj, West Bengal 733134, India

Latitude
25° 38' 3.876" N

Longitude
88° 7' 47.196" E

Local 01:27:17 PM
GMT 07:57:17 AM

Altitude 21.2 meters
Tuesday, 19-04-2022

শিল্পোদ্যোগ ও গ্রাম পুনর্গঠনে আজও প্রাসঙ্গিক রবীন্দ্রভাবনা

সুনীল চন্দ

রায়গঞ্জ, ২০ এপ্রিল

শিল্পায়নের লক্ষ্যে রাজ্যে শুরু হয়েছে বিশ্ববন্ধ বাণিজ্য সম্মেলন। তার আগে মঙ্গলবার রায়গঞ্জ সুরেন্দ্রনাথ মহাবিদ্যালয়ে আয়োজিত হল রবীন্দ্রনাথের গ্রাম পুনর্গঠন ও শিল্প ভাবনা নিয়ে এক বিশেষ বক্তৃতা-সভা। বক্তা ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদ প্রফেসর শিবরঞ্জন মিশ্র।

শিবরঞ্জন বলেন, 'রবীন্দ্রনাথ গ্রামীণ অর্থনীতির বিকাশে শান্তিনিকেতনের আশপাশের ৩৪টি গ্রাম নিয়ে ব্রতী হয়েছিলেন গ্রাম পুনর্গঠনে। পতিসর ও শিলাইদহ থেকে ফিরে তিনি পুত্র রবীন্দ্রনাথ ও জামাই নগেন্দ্রনাথকে আমেরিকা পাঠিয়েছিলেন উন্নত কৃষি ব্যবস্থার প্রশিক্ষণ নিতে। কারণ রবীন্দ্রনাথ বিশ্বাসী ছিলেন গ্রাম নির্ভর ভারতবর্ষের। তাঁর কাছে রোমান্টিক কবিতা লেখার চেয়ে বেশি জরুরি দেশের জনগণের সার্বিক কল্যাণ। ব্যক্তির আত্মশক্তির বিকাশ ও উন্নয়ন। শিল্পায়নে জোর দিয়েও রবীন্দ্রনাথ প্রকৃতি ও পরিবেশ রক্ষায় গুরুত্ব দিয়েছেন। যা উল্লেখ করেছেন তাঁর রচিত নাটক মুক্তধারা, বক্তৃকরবী ও কয়েকটি প্রবন্ধেও। বলেছেন 'দাও ফিরে সে অরণ্য...' -র কথা। কৃষি ও শিল্পের সঙ্গে সায়ুজ্য রেখে টেকসই উন্নয়নের (সাসটেইনেবল ডেভেলপমেন্ট) ওপর জোর দিয়েছেন তিনি।'

তিনি আরও বলেন, 'বর্তমান সময়ে আরেক আশ্রমিক নোবেল প্রাপক অর্থনীতিবিদ অমর্ত্য সেন জোর দিয়েছেন ব্যক্তি উন্নয়ন কেন্দ্রিক সামগ্রিক উন্নয়নের ওপর। পতিসরে রবীন্দ্রনাথের গ্রামীণ ব্যাঙ্ক স্থাপনকে গুরুত্ব দিতে রবীন্দ্র ভাবনায় উদ্ভূত অমর্ত্য সেনও



রায়গঞ্জ সুরেন্দ্রনাথ মহাবিদ্যালয়ে বক্তা প্রফেসর শিবরঞ্জন মিশ্র। ছবি: প্রতিবেদক

জোর দিয়েছেন দুর্বল কৃষকদের ক্ষুদ্র ঋণদানের মাধ্যমে সমাজ পুনর্গঠনে। যার মধ্য দিয়ে গড়ে উঠে শক্তিশালী অর্থনৈতিক ভারত।' শিবরঞ্জনের দাবি, বর্তমান প্রতিবেশী দেশগুলির অর্থনৈতিক টালমটাল অবস্থার প্রেক্ষিতে জরুরি অর্থনৈতিক গণতন্ত্রের ভিত্তিকে আরও সুদৃঢ় করা। চাই ব্যক্তির আত্মনির্ভরতা ও আত্মমর্যাদার পাশাপাশি মুক্তচিন্তার পরিবেশ গড়ে তোলা। যা চেয়েছিলেন রবীন্দ্রনাথ।

Total Attendance – 110

Sd/-
Convenor
Research Group, RSM

Sd/-
Coordinator
IQAC, RSM

Sd/-
Teacher-in-Charge
RSM